

ইসলামী বিশ্ববিদ্যালয়ে
এডহক ভিত্তিতে
রেজিষ্ট্রার নিয়োগ

ইসলামী বিশ্ববিদ্যালয় সংবাদ-
পত্র ৥ চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ের
ডেপুটি রেজিষ্ট্রার মোঃ জহুরুল
ইসলামকে ইসলামী বিশ্ববিদ্যালয়ের
রেজিষ্ট্রার হিসাবে নিয়োগ করা
হইয়াছে। গত সোমবার ভাইস-
চ্যান্সেলর ডঃ ইনাম-উল-হক
তাহাকে ৬ মাসের জন্য এডহক
(৪র্থ পৃঃ দ্রঃ)

33

ইসলামী বিশ্ববিদ্যালয়ে
(৩য় পৃঃ পর)

ভিত্তিতে নিয়োগ করেন।

উল্লেখ্য, গত ৯ই ফেব্রুয়ারী
সর্বদলীয় ছাত্র ঐক্য রেজিষ্ট্রার
পদে জনৈক প্রার্থীর নাম বাদ দিয়া
তাহাদের সমন্বিত প্রার্থীকে নিয়ো-
গের জন্য সাবেক ভিসি প্রফেসর
এম, এ হামিদের নিকট দাবী
জানাইয়া ব্যর্থ হইবার পর তাহার
অপসারণের দাবীতে আন্দোলন
শুরু করে। ফলে ১২ই ফেব্রুয়ারীর
“রেজিষ্ট্রার নিয়োগ বোর্ড” বাতিল
ঘোষণা করা হয়।

অচলাবস্থার প্রেক্ষিতে ভার-
প্রাপ্ত রেজিষ্ট্রার এস, এম তোহিদ
গত ৮ই মে নূতন ভাইস চ্যান্সে-
লর ডঃ ইনাম-উল হকের নিকট
পদত্যাগপত্র জমা দিলে তিনি
তাহা গ্রহণ করেন। উল্লেখ্য, ইস-
লামী বিশ্ববিদ্যালয়ের রেজিষ্ট্রার
পদে দীর্ঘ ৮ বৎসর স্থায়ীভাবে
কাহাকেও নিয়োগ করা হয় নাই।